রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১২, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

প্রজ্ঞাপন

তারিখ: ২৭শে আষাঢ়, ১৪০১/১১ই জুলাই, ১৯৯৪

এস, আর, ও, নং ২৪০-আইন/৯৪ শ্রম-১০/মজুরী-৪/৯৪—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961) এর section 6(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, "রি-রোলিং মিলস" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের নিম্নতম মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত Ordinance এর section 3 এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক একই Ordinance এর section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উক্ত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবে।

**তফসিল**

"ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণীবিভাগ | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৩০%) | চিকিৎসা ভাতা | সর্বমোট |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| উচ্চতর দক্ষ: | ১৮০০ | ৫৪০ | ১৫০ | ২৪৯০ |
| ১। টার্ণার | | | | |
| ২। ইলেকট্রিশিয়ান | | | | |



মূল্য: টাকা ২.০০

| ১ | ২ | ৩ | | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| | দক্ষ-১ : | ১৬০০ | ৪৮০ | ১৫০ | ২২৩০ |
| ১। | টংসম্যান (১নং) | | | | |
| ২। | ফিটার | | | | |
| ৩। | ফারনেসম্যান | | | | |
| ৪। | কারারম্যান | | | | |
| ৫। | হুকম্যান | | | | |
| ৬। | ওয়েল্ডার | | | | |
| ৭। | মোল্ডার | | | | |
| | দক্ষ-২ : | ১৪০০ | ৪২০ | ১৫০ | ১৯৭০ |
| ১। | টংসম্যান (২ নং, ৫ নং অথবা ফিনিশ ইয়ার্ড) | | | | |
| ২। | ব্ল্যাকস্মিথ | | | | |
| ৩। | সেপারম্যান | | | | |
| ৪। | চেইনম্যান | | | | |
| ৫। | কার্পেন্টার | | | | |
| | দক্ষ-৩ : | ১২০০ | ৩৬০ | ১৫০ | ১৭১০ |
| ১। | টংসম্যান (৩ নং এবং ৪ নং) | | | | |
| ২। | পুশারম্যান | | | | |
| | আধা-দক্ষ : | ১০৫০ | ৩১৫ | ১৫০ | ১৫১৫ |
| ১। | টোটাম্যান | | | | |
| ২। | গার্ডারম্যান | | | | |
| ৩। | ক্রেইনম্যান | | | | |
| ৪। | ব্লাকস্মিথ হেলপার | | | | |
| ৫। | হেমারম্যান | | | | |
| ৬। | টার্ণার হেলপার | | | | |
| ৭। | মোল্ডার হেলপার | | | | |
| ৮। | ওয়েল্ডার হেলপার | | | | |
| ৯। | ইলেক্ট্রিক হেলপার | | | | |
| ১০। | কার্পেন্টার হেলপার | | | | |
| ১১। | পাম্প ড্রাইভার | | | | |
| ১২। | ফিটার হেলপার | | | | |
| ১৩। | ফায়ারম্যান হেলপার | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| | অদক্ষ : | ৯০০ | ২৭০ | ১৫০ | ১৩২০ |
| ১। | অয়েলম্যান | | | | |
| ২। | গ্রীজম্যান | | | | |
| ৩। | পানিওয়ালা | | | | |
| ৪। | লেবারার | | | | |
| ৫। | বিলেট কেরিয়ার | | | | |
| ৬। | বিলেট কাটার | | | | |
| ৭। | লিফটার | | | | |
| ৮। | অন্যান্য হেলপার | | | | |

| ক্রমিক নং | কর্মচারী পদ বন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৩০%) | চিকিৎসা ভাতা | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| | গ্রেড-১ : | ১৬০০ | ৪৮০ | ১৫০ | ২২৩০ |
| ১। | হিসাব সহকারী | | | | |
| ২। | ষ্টোর কিপার | | | | |
| ৩। | উচ্চমান সহকারী | | | | |
| ৪। | ক্রয়/বিক্রয় সহকারী | | | | |
| | গ্রেড ২ : | ১২০০ | ৩৬০ | ১৫০ | ১৭১০ |
| ১। | নিম্নমান সহকারী | | | | |
| ২। | টাইম কিপার | | | | |
| ৩। | টাইপিষ্ট | | | | |
| ৪। | ষ্টোর এসিসটেন্ট | | | | |
| ৫। | টেলিফোন অপারেটর | | | | |
| ৬। | ড্রাইভার | | | | |
| | গ্রেড-৩ : | ৯০০ | ২৭০ | ১৫০ | ১৩২০ |
| ১। | পিয়ন | | | | |
| ২। | দারোয়ান | | | | |
| ৩। | নাইটগার্ড | | | | |
| ৪। | মালি | | | | |
| ৫। | সুইপার/ক্লিনার | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোল্লা গোলাম সারওয়ার

উপ-সচিব (শ্রম)।

এতদসংগে মজুরী বোর্ডের সুপারিশ হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

### রি-রোলিং মিলস্

### সুপারিশ, ১৯৯৪ ইং

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ২৪শে আগষ্ট ১৯৯৩ ইং তারিখে জারীকৃত এস, আর, ও, নং ১৬৯ আইন/৯৩, শ্রওক-১০/মজুরী-৯/৯২ নম্বর প্রজ্ঞাপন দ্বারা রি-রোলিং মিলস-এ নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত শিল্পের প্রতিনিধিত্ব করার জন্য একই প্রজ্ঞাপন দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর বোর্ড কয়েকটি বৈঠকে মিলিত হন এবং দেশের বিভিন্ন স্থানে অবস্থিত রি-রোলিং মিলস-এ প্রশ্নপত্র প্রেরণের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করেন এবং বেশ কিছু রি-রোলিং মিলস পরিদর্শন করিয়া শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকসহ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক দাখিলকৃত আপত্তি/প্রস্তাব বিবেচনা করিয়া খসড়া সুপারিশে উল্লেখিত নিম্নতম মজুরী ও শ্রমিক পদবিন্যাস অপরিবর্তীত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন:—

১। রি-রোলিং মিলস-এ নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি, বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ, (২) দক্ষ-১:, (৩) দক্ষ-২:, (৪) দক্ষ-৩, (৫) আধা-দক্ষ ও (৬) অদক্ষ এই ৬ শ্রেণীতে এবং কর্মচারীদের (১) গ্রেড-১, (২) গ্রেড-২ ও (৩) গ্রেড-৩ এই ৩ শ্রেণীতে পদবিন্যাস করা হয়, যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক" এ বলা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে রি-রোলিং মিলস এর মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন রি-রোলিং মিলস-এ কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরীপ্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৪। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৫। যদি কোন রি-রোলিং মিলস-এর মালিক শ্রমিকদিগকে ফুরণভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাঁহাকে এই সুপারিশ মোতাবেক তাঁহাদের মজুরীর হার এরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাঁহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

**এ, এস, এম, হেদায়েত হোসেন**
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড

অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ
নিরপেক্ষ সদস্য।

মনোয়ার উদ্দিন আহাম্মদ
মালিক পক্ষের সদস্য।

**আবদুল হাই**
মালিক পক্ষের সদস্য।

নজরুল ইসলাম খান
শ্রমিক পক্ষের সদস্য।

**দাউদ আলী মামুন**
শ্রমিক পক্ষের সদস্য।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।